

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০২৪(আগরতলা-১৮।১৯)  
উদয়পুর, ১৮ অক্টোবর, ২০১৯

রাজ্যের বর্তমান সরকার জনগণের সরকার : মুখ্যমন্ত্রী

রাজ্যের বর্তমান সরকার জনগণের সরকার। সরকারের উন্নয়নমূলক কর্মসূচির সুযোগ পেতে জনগণকে আর সরকারের কাছে ছুটে যেতে হবে না। সরকার জনগণের কাছে ছুটে আসবে। আজ গোমতী জেলার করবুক মহকুমায় বহুমুখী উন্নয়ন কেন্দ্রে অনুষ্ঠিত ‘জনতার দরবার’-এ উপস্থিত হয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই কথাগুলি বলেন। মুখ্যমন্ত্রী বলেন, জনতার দরবারে জনগণ যেমন ব্যক্তিগত সমস্যা নিয়ে আসেন তেমনি সমাজের নানা সমস্যা রাস্তাঘাট, সেচ, পানীয়জল, স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুতের মতো সমষ্টিগত সমস্যা নিয়েও আসেন। এতে সরকার ও জনগণের মধ্যে সরাসরি কথাবার্তা বলে উন্নয়ন ত্বরান্বিত করার রূপরেখা তৈরী করা সহজতর হয়।

আজকের এই জনতার দরবারে করবুক এবং শিলাছড়ি ব্লকের অন্তর্গত ৩০টি এ ডি সি ভিলেজ এলাকায় বসবাসকারী প্রচুর মানুষ তাদের বিভিন্ন সমস্যা ও দাবি সমূহ মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেন। মুখ্যমন্ত্রী প্রত্যেকের সমস্যা ও দাবি সমূহ মনোযোগ সহকারে শোনেন এবং অধিকাংশেরই তাৎক্ষণিক সমাধান করে দেন। অবশিষ্ট সমস্যাগুলি উপস্থিত সংশ্লিষ্ট রাজ্য, জেলা, মহকুমা এবং ব্লক আধিকারিকদের গুরুত্বের সঙ্গে সম্পন্ন করার নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, করবুকের মতো প্রত্যন্ত এলাকায় পরিকাঠামোগত উন্নয়নের যথেষ্ট অভাব রয়েছে। একমাত্র সরকারি কর্মচারীরাই নির্ণায়ক কাজ করে উন্নয়নমূলক কাজ ত্বরান্বিত করতে পারেন। তিনি আরও বলেন, যে সমস্ত সরকারি কর্মচারী নির্ণায়ক কাজ করে তাদের দায়িত্ব পালন করবেন বছর দুয়েকের মধ্যে তাদের পছন্দ মতো জায়গায় বদলির ব্যবস্থা করা হবে।

আজকের জনতার দরবারে বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতি স্বপন অধিকারী, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক বুর্ভামোহন ত্রিপুরা, বিধায়ক রঞ্জিত দাস প্রমুখ। এছাড়া রাজ্য সরকারের মুখ্য সচিব ইউ ভেঙ্কটেশ্বরলু, অতিরিক্ত মুখ্য সচিব কুমার অলক, পুলিশের মহানির্দেশক এ কে শুক্লা, গ্রামোন্নয়ন ও শিক্ষা দপ্তরের সচিব সৌম্য গুপ্তা, পূর্ত দপ্তরের প্রধান সচিব এস আর কুমার, উপজাতি কল্যাণ দপ্তরের সচিব এন ডার্লং, গোমতী জেলার জেলাশাসক টি কে দেবনাথ, পুলিশ সুপার এ আর রেড্ডী সহ জেলা ও মহকুমাস্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। জনতার দরবার উপলক্ষে স্থানীয় জনগণের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়।

\*\*\*\*\*